দৈনিক বাংলা

তারিখ 12 MAR 1995
পৃষ্ঠা ১ কলাম ৬

57

# চট্টগ্রামে পঞ্চম শিক্ষা বোর্ড স্থাপনের কাজ শুরু

**স্টাফ রিপোর্টার ঃ** চট্টগ্রাম, ১১ মার্চ।– প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার প্রতিশ্রুতি মোতাবেক চট্টগ্রামে দেশের পঞ্চম শিক্ষা বোর্ড স্থাপনের কাজ শুরু হয়েছে। ৯৬ সালের এসএসসি পরীক্ষা চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত হবে। চট্টগ্রাম শিক্ষা বোর্ডের স্থান নির্ধারণের জন্য মৎস্য ও পশুসম্পদ মন্ত্রী আবদুল্লাহ আল নোমান গতকাল পাহাড়তলি হাজী ক্যাম্প এলাকার প্রস্তাবিত স্থান পরিদর্শন করেছেন। এই হাজী ক্যাম্পটি শিক্ষা বোর্ড হিসাবে ব্যবহার করা হবে বলে মন্ত্রী জানান।

এ অঞ্চলের জনগণের দাবি হিসাবে চট্টগ্রামে পৃথক শিক্ষা বোর্ড ঘোষণার জন্য দাবি জানানো হলে গত ২৭ সেপ্টেম্বর লালদীঘি ময়দানের জনসভায় প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া চট্টগ্রামে পৃথক শিক্ষা বোর্ড স্থাপনের ঘোষণা দেন। আগামী মাসের মধ্যে শিক্ষা বোর্ডের জন্য নতুন চেয়ারম্যান নিয়োগ করে প্রয়োজনীয় কর্মকর্তা-কর্মচারী নিয়োগের প্রক্রিয়া শুরু করা হবে।